



০১ নভেম্বর ২০১৬

প্রেস বিজ্ঞপ্তি

অবশেষে জে.এস.সি ২০১৬ পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ পেয়েছে চট্টগ্রামের শারীরিক
প্রতিবন্ধিতার শিকার শিক্ষার্থী

আজ ০১ নভেম্বর ২০১৬ তারিখে অনুষ্ঠিত জুনিয়র স্কুল সার্টিফিকেট (জে.এস.সি) ২০১৬ পরীক্ষায় অবশেষে অংশ গ্রহণ করছে চট্টগ্রামের শারীরিক প্রতিবন্ধিতার শিকার শিক্ষার্থী।

শারীরিক প্রতিবন্ধিতার শিকার কিশোরী, চট্টগ্রামের হামজারবাগস্থ রহমানিয়া উচ্চ বিদ্যালয়ের অষ্টম শ্রেণীর ছাত্রী। তার বয়স ১৭ বছর অতিক্রম করায় বিদ্যালয় কর্তৃপক্ষ তাকে জানিয়ে দেন যে, চট্টগ্রাম মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের নিয়মানুযায়ী ২০১৬ সালের অনুষ্ঠিত জে.এস.সি পরীক্ষায় তিনি অংশ গ্রহণ করতে পারবেন না। এ প্রেক্ষিতে গত ২০ এপ্রিল ২০১৬ তারিখে শিক্ষার্থীকে সাথে নিয়ে তার মা ব্লাস্ট চট্টগ্রাম ইউনিটে অভিযোগ দায়ের করেন। অভিযোগের প্রেক্ষিতে ব্লাস্ট চট্টগ্রাম ইউনিট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড বরাবর প্রতিবন্ধিতার শিকার শিক্ষার্থী যেন আসন্ন ২০১৬ সালের জে.এস.সি পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারে এ মর্মে একটি আবেদন করে। ব্লাস্ট প্রধান কার্যালয়ও শিক্ষা মন্ত্রণালয়ের নিকট এ মর্মে একটি আবেদন করে। এ প্রেক্ষিতে গত ৪ সেপ্টেম্বর ২০১৬ তারিখ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে বিশেষ বিবেচনায় শারীরিক প্রতিবন্ধিতার শিকার শিক্ষার্থীকে এ বছর ১ নভেম্বর ২০১৬ থেকে অনুষ্ঠিতব্য জে.এস.সি. পরীক্ষায় অংশগ্রহণ করার অনুমতি প্রদান করা হয়। যার ফলে অবশেষে এবার জেএসসি পরীক্ষায় অংশগ্রহণ করছেন সেই প্রতিবন্ধিতার শিকার শিক্ষার্থী।

এ প্রসঙ্গে ব্লাস্টের চট্টগ্রাম শাখা আফিসের আইনজীবী মোছাঃ লুতফুন্নাহার বলেন, “এত প্রতিকূলতার মাঝেও ব্লাস্টের সহায়তায় বিউটি জে.এস.সি পরীক্ষায় অংশগ্রহণ করতে পেরেছে এজন্য আমরা খুশি। পাশাপাশি অন্য প্রতিবন্ধী শিশুরা যেন এধরণের সমস্যার সম্মুখীন না হয় সে জন্য স্কুল এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের যথাযথ ব্যবস্থা নেয়া উচিত।”

উল্লেখ্য যে, প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ এর তফসিলে প্রতিবন্ধী ব্যক্তির সুরক্ষা ও কার্যক্রম বিধৃত আছে। ওই তফসিলের ৯ (ক) নং ক্রমিকে বলা হয়েছে যে, “স্বাভাবিক স্কুলগামী শিশু অপেক্ষা প্রতিবন্ধী শিশুর শিক্ষা শুরু করার বয়স শিথিল করা” অর্থাৎ ৯ (ক) মতে কোন প্রতিবন্ধী শিশু বেশী বয়সে শিক্ষা শুরু করলে স্বাভাবিক ভাবেই সেই প্রতিবন্ধী শিশু স্বাভাবিক শিশুদের থেকে বেশী বয়সে প্রত্যেক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

বার্তা প্রেরক

মাহবুবা আক্তার

উপ-পরিচালক (এডভোকেসি এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

ই-মেইল: mahbuba@blast.org.bd